গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়
ফুলছড়ি,গাইবান্ধা

স্মারক নং- ১৯৪

তারিখ ঃ ২০/০৪/২০২৩ খ্রিঃ

এতদ্বারা উপজেলা কৃষি ও সেচ স্থায়ী কমিটির সম্মানিত সকল সদস্যগণকে জানানো যাচ্ছে যে, আগামী ২৩/০৪/২০২৩ খ্রিঃ তারিখ সকাল ১১.০০ ঘটিকায় উপজেলা কৃষি ও সেচ স্থায়ী কমিটির সভা উপজেলা ভাইস চেয়ারম্যান (পুরুষ), উপজেলা পরিষদ, ফুলছড়ি, গাইবান্ধা মহোদয়ের সভাপতিত্বে উপজেলা কৃষি অফিসারের কার্যালয়ে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় সম্মানিত সদস্য হিসেবে যথাসময়ে উপস্থিত থাকার জন্য আপনাকে অনুরোধ করা হলো।

২০/৪/২৩

(মোঃ মিন্টু মিয়া)
উপজেলা কৃষি অফিসার
ফুলছড়ি,গাইবান্ধা।

সভার আলোচ্য বিষয়ঃ
১। কৃষি ও সেচ উন্নয়ন কার্যক্রম
২। বিবিধ।

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ
১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলছড়ি,গাইবান্ধা।
২। উপজেলা নির্বাহী অফিসার, ফুলছড়ি,গাইবান্ধা।
৩। ভাইস চেয়ারম্যান (পুরুষ), উপজেলা পরিষদ, ফুলছড়ি,গাইবান্ধা।
৪। চেয়ারম্যান ০৬ নং এরেন্ডাবাড়ী ইউনিয়ন পরিষদ, ফুলছড়ি,গাইবান্ধা।
৫। উপসহকারী প্রকৌশলী, বিএডিসি (ক্ষুদ্র সেচ), ফুলছড়ি,গাইবান্ধা।
৬। সহকারী প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, ফুলছড়ি, গাইবান্ধা।
৭। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়
ফুলছড়ি, গাইবান্ধা।

ফুলছড়ি উপজেলা কৃষি ও সেচ স্থায়ী কমিটির এপ্রিল/২০২৩ মাসের সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ হুকুম আলী, ভাইস চেয়ারম্যান পুরুষ উপজেলা পরিষদ, ফুলছড়ি, গাইবান্ধা। |
| সভার স্থান | : | উপজেলা কৃষি অফিসার মহোদয়ের অফিস কক্ষ। |
| সভার তারিখ | : | ২৩/০৪/২০২৩ খ্রিঃ |
| সময় | : | সকাল ১১:০০ ঘটিকা। |
| উপস্থিত সদস্যবৃন্দ | : | পরিশিষ্ট "ক" তে বর্ণিত। |

সভাপতি মহোদয় উপস্থিত সদস্যগণকে স্বাগত জানান এবং উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিব উপজেলা কৃষি ও সেচ স্থায়ী কমিটি অত্র উপজেলাকে সভা পরিচালনার আহ্বান জানান।

১। উপজেলা কৃষি অফিসার সভায় অবগত করেন যে, ফুলছড়ি উপজেলার ৫ টি ইউনিয়নের চর এলাকায় ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের জমিতে মিষ্টিকুমড়া চাষে উপকরণ সহায়তা হিসেবে বীজ, সার এবং আন্তঃপরিচর্যা খরচ প্রদানের পরিকল্পনা গ্রহণ করেছে। চর এলাকার বেলে দোআঁশ মাটিতে রবি মৌসুমে মরিচ, বাদাম সহ অন্যান্য ফসল চাষ হয়ে থাকে। কিন্তু বেলে মাটিতে চাষের সুযোগ একেবারেই সীমিত। বর্তমানে চরের বেলে মাটিতে মিষ্টিকুমড়া ফসলের আবাদ ধীরে ধীরে সম্প্রসারিত হচ্ছে। এর পাশাপাশি স্কোয়াশ, তরমুজ, ওলকপি, পেয়াজ ও আঁখ আবাদের সম্ভাবনা রয়েছে। সেক্ষেত্রে ক্ষুদ্র এবং প্রান্তিক কৃষকরা কিছু উপকরণ সহায়তা পেলে উক্ত ফসলের সম্প্রসারণ দ্রুততর হতো এবং এর উৎপাদন অনেক বেড়ে যেতো।

সিদ্ধান্তঃ চর এলাকায় ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের জমিতে মিষ্টিকুমড়া, স্কোয়াশ, তরমুজ, ওলকপি, চাষে উপকরণ সহায়তা হিসেবে বীজ, সার এবং আন্তঃপরিচর্যা খরচ প্রদানের জন্য উপজেলা পরিষদে চাহিদা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

২। বিবিধঃ উপজেলা কৃষি অফিসার সভাকে অবগত করেন যে, উল্লেখিত ফসলাদি যদি সঠিক সময়ে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিতরণ করা সম্ভব হয় তবে চরে মিষ্টিকুমড়া, স্কোয়াশ, তরমুজ, ওলকপি ফসল সম্প্রসারণ হবে।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় ফুলছড়ি উপজেলা কৃষি ও সেচ স্থায়ী কমিটি সকলের সহযোগিতা কামনা করে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মোঃ হুকুম আলী)
উপজেলা ভাইস চেয়ারম্যান (পুরুষ)
ও
সভাপতি
ফুলছড়ি উপজেলা কৃষি ও সেচ স্থায়ী কমিটি
ফুলছড়ি, গাইবান্ধা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়
ফুলছড়ি, গাইবান্ধা।

স্মারক নং- ১৯৭ তারিখঃ ২৩/০৪/২০২৩ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণে করা হলো।
১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলছড়ি,গাইবান্ধা।
২। উপজেলা নির্বাহী অফিসার, ফুলছড়ি,গাইবান্ধা।
৩। চেয়ারম্যান ০৬ নং এরেন্ডাবাড়ী ইউনিয়ন পরিষদ, ফুলছড়ি, গাইবান্ধা।
৪। উপসহকারী প্রকৌশলী বিএডিসি (ক্ষুদ্র সেচ), ফুলছড়ি,গাইবান্ধা।
৫। উপসহকারী প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, ফুলছড়ি,গাইবান্ধা।
৬। অফিস কপি।

২৩/৪/২৩
(মোঃ মিন্টু মিয়া)
উপজেলা কৃষি অফিসার
ও
সদস্য সচিব
ফুলছড়ি উপজেলা কৃষি ও সেচ স্থায়ী কমিটি
ফুলছড়ি, গাইবান্ধা।

# উপজেলা কৃষি ও সেচ উন্নয়ন সম্পর্কিত স্থায়ী কমিটির সভা

সভার তারিখ ঃ ২৩/০৪/২০২৩ খ্রিঃ

সভার স্থান ঃ উপজেলা কৃষি অফিসারের কার্যালয়, ফুলছড়ি,গাইবান্ধা।

| ক্রঃ নং | নাম / অফিস পদবী | কমিটির পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১. | উপজেলা ভাইস চেয়ারম্যান (পুরুষ)<br>উপজেলা পরিষদ, ফুলছড়ি, গাইবান্ধা | সভাপতি | |
| ০২. | চেয়ারম্যান,০৬ নং এরেন্ডাবাড়ী, ইউনিয়ন পরিষদ, ফুলছড়ি,গাইবান্ধা | সদস্য | |
| ০৩. | উপসহকারী প্রকৌশলী, বিএডিসি<br>( ক্ষুদ্র সেচ),ফুলছড়ি,গাইবান্ধা | সদস্য | |
| ০৪. | সহকারী প্রকৌশলী<br>বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, ফুলছড়ি, গাইবান্ধা | সদস্য | |
| ০৫. | উপজেলা কৃষি অফিসার<br>ফুলছড়ি,গাইবান্ধা। | সদস্য সচিব | |